৪। নয়ন দেছ হের্‌তে প্রভু তোমার রূপের জ্যোৎসনা ।
আমার নয়ন মুগ্ধ শিমুল ফুলে তোমার পানে
কভু চাইলেন না ।।

৫। মন দিয়েছ কর্‌তে প্রভু তোমায় সাধনা ।
আমার মন রহিল মায়ায় মুগ্ধ তোমার সাধন
ভজন করা হ'ল না ।।
---শশী বালা

৪৩ নং

তাল--একতালা রাগিনী--ভাটিয়ালী

গুরুচাঁদ রে আমি তোমায় ভাল বাস্‌লেম না একদিন ।
আমি বাস্‌তেম যদি তোমায় ভাল আমার মন হ'ত
তোমার অধীন ।।

১। কত দয়া কর্‌ছ গুরু আমায় দেখে দীন হীন ।
আমার ক্ষুধার অন্ন পিপাসার জল যোগাচ্ছ তুমি চিরদিন ।।

২। ঘুমের ঘরে দেও পাহারা তুমি সেজে আজ্ঞাধীন ।
শুধু তব কৃপায় আছি বেঁচে, ও তা ভাবলেম না কোন দিন ।।

৩। ঐহিক সুখে মত্ত হ'য়ে আমি আছি চিরদিন ।
আমি লোভে পড়ে সব হারিয়ে হয়েছি দীনের ও দীন ।।

৪। তবু আমায় ভালবেসে হরি দিতে চায় সুদিন ।
তোমার এ দয়া আর রাখ্‌ব কোথায় আমি যে
ভজন বিহীন ।।
---শশী বালা